পূজা-পার্বণে, নাড়ু, মোয়া, সন্দেশ, এবং জন্মাষ্টমীতে লুচি, মালপো, তালের বড়া আর পায়েস, প্রতি বছরই মা বানাতেন। এসব সুস্বাদু খাবারের উপাদান যে পরিমানে বাবা আনতেন, সেটা স্বল্প হওয়ায় আমার মায়ের পছন্দ হতোনা। ছেলেমেয়েরা কয়েকদিন ধরে মুখরোচক খাবার খাবে এটাই ছিল আমার মায়ের সাধ। আমার বাবার সাধ্য আর আমার মায়ের সাধের অনেক ব্যাবধান! কিন্তু সেটা আমার মা খুব সহজেই মিটিয়ে ফেলতেন নিজের জমানো পয়সা খরচ করে! আমার ছোট ভাইকে বাজারে পাঠিয়ে দ্বিগুন পরিমানে উপাদান আনাতেন। জমানো পয়সা আসতো প্রতিদিন বাবার অলক্ষ্যে বাবার পকেট থেকে!

আমাদের ছ' ভাইবোনের সংসারে ছেলেমেয়েরা যেন তিন বেলা খাবার ছাড়াও মুখরোচক কিছু খাবার পায় সেটাতে মায়ের বিশেষ নজর ছিল, এবং বেশির ভাগ সময় সেটা মায়ের জমানো পয়সাতেই হতো। নিজের জন্যে মাকে খরচ করতে দেখিনি। আমি একটু বড় হবার পর বাবার সাথে জোর করে যেতাম মায়ের শাড়ি পছন্দ করতে। অনেক সময়ই মনে হোতো মায়ে'র আরাম আয়াস স্বাচ্ছন্দ্য অনেক কম, অন্য মায়েদের তুলনায়। খুব কষ্ট পেতাম মনে! বড় হয়ে মা'কে আরামে রাখার দারুন একটা ইচ্ছে ছিল তখন। খুব ছোট যখন ছিলাম, আমার প্রিয় কোন খাবার মা তাঁর ভাগ থেকেও আমাকে খাওয়াতেন। ইলিশ মাছ ভাজা তো সবসময়েই।

ঢাকা ইউনিভার্সিটি তে পড়ার সময় হস্টেলে থেকেছি। খাওয়া-দাওয়ায় একটু খুঁতখুঁতে ছিলাম তখন। হস্টেলের খাওয়া খেতে পারতাম না ভাল করে। একদিন দুপুরে ডাইনিং রুমে বসে আছি ক্লাস শেষে, খিদেয় পেট চোঁ চোঁ করছে। কিন্তু খাবার আর খেতে পারছিলামনা। হঠাৎ পিয়ন এসে একটা চিরকুট দিল, তাতে আমার মেজো ভাইয়ের নাম। অর্থাৎ আমার ভাই হস্টেলের গেটে অপেক্ষা করছে। দৌড়ে গিয়ে দেখলাম টিফিন ক্যারিয়ার হাতে আমার ভাই দাঁড়িয়ে! ফুলকপি আর বড়ি দিয়ে কই মাছ আর ভাত। হস্টেলের ডাইনিং রুমের খাবারের বদলে সেদিন মায়ের হাতের খাবার অমৃতের স্বাদ দিয়েছিলো! মনে হয়েছিল আমার ক্ষিদের বার্তা মায়ের নিকট কেমন করে পৌছুলো!

মা এবং বাবা দুজনেই খুব খাওয়াতে ভালবাসতেন। আমার বন্ধু এবং আমার বিবাহিত জীবনের আত্মীয় স্বজনের কাছ থেকে মায়ের হাসি মুখ আর স্বহস্তে রান্না করা খাদ্যে আপ্যায়নের প্রশংসা কথা প্রসঙ্গেই শোনা যায়।

আমি ইউএসএ তে চলে আসার এক বছর পর বাবা এই পৃথিবী ছেড়ে চলে যান, প্রায় ৩৭ বছর আগে। আমি এদেশের উদ্দেশ্য রওনা হওয়ার আগে বাবা বলেছিলেন, "ছেলেদের মানুষ করতে হবে, সংসারের দায়িত্ব পালন করতে হবে। কিন্তু তার মাঝে ইউএসএ তে একটি উচ্চ-শিক্ষার ডিগ্রী নিয়ে, নিজের কাজকর্ম দিয়ে নিজের একটা পরিচয় তৈরি করতে ভুলে যাসনে।" আমার বাবার কথা আমাকে সবসময় তাড়া করে বেড়িয়েছে, কিছু একটা করার জন্যে!

আমার মা নিজের ধৈর্য্য আর ভালবাসা দিয়ে ছেলেমেয়েদের একসাথে ধরে রেখেছিলেন বহুবছর। শেষ বয়সে ছেলেদের কাছেই ছিলেন। কখনো কোন নিন্দে শুনিনি ছেলের -বউদের কে নিয়ে। ছেলের বাড়িতে থাকা কালীন, আমার স্বামী, কিশলয় আর আমি মায়ে'র বাসস্থানটি সুন্দর আসবাব দিয়ে মনোরম করে সাজিয়ে দিয়েছিলাম! দেরীতে হলেও মা'র জন্য আমার একটা সাধ পুরন হয়েছিল! আমার মা জীবনের সৌন্দর্য উপভোগ করেছেন প্রান ভরে। কোন চাহিদা ছিলনা। যা কিছুই পেয়েছেন, তাতেই তৃপ্তির হাসি ছিল। গত মে মাসের ১৩ তারিখ সন্ধ্যায় (বাংলাদেশ সময় ১৪ ই মে ২০১৯), মা আমদের ছেড়ে চলে গেছেন। মা-বাবা, দুজনেই এখন আমার স্মৃতির পাতায়! সে স্মৃতি রোমন্থন করে আমি শৈশবে ফিরে যাই, অহরহ!

দোহা-য় কিছুক্ষণ

গৌরী দাস

LA থেকে কোলকাতা যাচ্ছি – Qatar Airways. Doha তে stop over মাত্র ৪৫ মিনিট। শুরুতেই একটা মানসিক চাপ ছিল। এত কম সময়ে, পারব তো gate to gate যেতে?

Formalities শেষ করে wait করছি boarding এর জন্য। ঘড়ি এগিয়ে চলেছে – কিন্তু call করছেনা – ক্রমশঃই চাপ বাড়ছে। সাথে এটাও ভাবছি "আরে ... আধ ঘণ্টা late, তাও আকাশ পথে, আকাশযান নিশ্চয় ওই টুকু সময় cover করে নেবে। nothing to worry. অনেক সময়, সময়ের অনেক আগেই ল্যান্ড করে যায়। শুধু শুধু চাপ নেবার কোন কারন নেই" – নিজেকে নিজের সান্ত্বনা।

যাই হোক আধ ঘন্টা দেরি তে ফ্লাই করতে শুরু করলাম...

দুদিন আগে ও বাড়ীতে এ নিয়ে বিস্তর আলোচনা হয়েছিল – যদি flight miss করি কি হতে পারে? উত্তর ও পেয়েছিলাম – এমন টা নাকি হয় ই না – ওরা নাকি আমাকে না নিয়ে যাবে ই না। airport এর assistant রা ভীষন ভাবে help করে specially আমার মত পক্ককেশীদের। নেমে ই দৌড়তে হবে কিন্তু "miss" হবেনা!!! ভাল কথা – তা আমি সাধারণত wheel chair assistance নিই না, মনে হয় যতক্ষন পারছি ...এবার সবাই suggest করলো যেহেতু সময় টা খুব ই কম – অগত্যা ...

১৬ ঘন্টার উপর journey – সময় যত এগিয়ে আসছে - চোখ অনবরত ঘড়ির দিকে – plane Doha র মাটি স্পর্শ তো করল, কিন্তু দরজা খোলা অবধি আমার আর তর সইছিল না – পারলে সবাই কে ডিঙিয়ে বাইরে যাই। ভিতরে hand luggage নিয়ে আমি এক্কেবারে ready – বের হবার অনুমতি পেতেই বাইরে বেড়িয়ে দেখি placard হাতে একটি মেয়ে বলে যাচ্ছে "Kolkata flight calling..." আমি তো Kolkata শুনেই লাফাতে লাফাতে গিয়ে ওদের সামনে দাড়ালাম। কিন্তু ওরা আমাকে নিয়ে দৌড়নোর বদলে পাশে দাঁড়াতে বলল – অবাক কান্ড! কোথায় তাড়াতাড়ি এগোবে তা নয় থামিয়ে দিল। মনের মধ্যে অনেক কিছু তোলপাড় করছে – ঠিক কি হতে চলেছে Doha য়? আমাকে Doha কেমন welcome জানাবে? এমন সময় একজন young man মনে হল এক্টু senior position এর, এসে কফিনে শেষ পেরেকটি পুঁতলো। আমার ব্যাস্ততা কে থামিয়ে declare করল – "Maam, you have missed your flight" – মানে? আমি তো আকাশ থেকে পড়লাম। বললাম "but we still have thirty minutes, right?" "sorry maam, not enough time", তার উত্তর।

যাহা ছিল ভাবনা মনে,
তাহা আসিয়া দাঁড়াইল সামনে।

জানলাম আগামী ২৪ ঘন্টার আগে Doha আমাকে ছাড়ছেনা। এবার চিন্তা, কোথায় থাকব? কি খাব? তবে কি airport এর lounge এ বসে রাত কাটাতে হবে? কিন্তু আগে boarding pass টা হাতে পেতে হবে।

যাত্রা হল শুরু। ঐ officer ছেলেটির পিছন পিছন এক টেবিল থেকে অন্য টেবিলে। হাতে boarding pass পেয়েই আমার প্রথম ভাবনা ছিল – "মেয়েদের জানাতে হবে"। আমার ফোন তো ওখানে কাজ করবে না, তাহলে কি হবে? ছেলেটি খুব অমায়িক, মুখে মিষ্টি হাসি, আমাকে বলল "not to worry maam, everything will be arranged". আমার ফোন টা নিয়ে Wi Fi সেট করে দিল। call হবেনা – sms/text/WhatsApp এইসব কিছু এক্ টা করে বাড়ীতে inform করতে হবে। ভাগ্যিস বাড়ীতে ফোন নিয়ে নাড়াচাড়া করতাম, মানে কথা বলা ছাড়া ও অন্য কিছু – তাই Wi Fi connection পেয়ে একটু ভরসা হল। তাহলে আমার খবর ওরা পাবে। একটু তো nervous ছিলাম, তাই ভাবলাম type করে message লিখতে দেরি হবে, WhatsApp এ voice message করাটাই বোধ হয় ঠিক তাতে আমার ভাষায় তাড়াতাড়ি অনেক কিছু বলা যাবে।

Doha তে কটা বাজে? LA র time কত? আমার মেয়ে এখন কোথায়, office এ না বাড়ীতে? ভাবিনি... গড়গড়িয়ে যতটা সম্ভব জানালাম। ততক্ষণে আর একটা counter থেকে hotel এ থাকার, dinner / lunch / breakfast এর voucher হাথে পেয়ে গেছি। Atleast airport এ coffee-biscuit খেয়ে রাত কাটাতে হবেনা। ঐদিকে আমার গলায় message শুনে আমার মেয়ের তো মাথায় হাত – মা কে যতই smart ভাবুক না কেন ঐ মুহূর্তে সেও দুঃশ্চিন্তায় – অথচ কিছু করার নেই – ঠিক তখন ই আমার কাছে আর একটা রাস্তা খুলে গেল – একজন security ভদ্রমহিলা ওদের একটা ফোন আমাকে দিয়ে বললেন ৩ মিনিটের জন্য আমি মাত্র ১টা ফোন করতে পারি – দারুন! এবার direct কথা হল। আমার গলা শুনে নিশ্চিন্ত হলেও মেয়ের গলায় আতঙ্কের সুর ছিল – কিন্তু আমি ততক্ষণে ধাতস্ত হয়ে গেছি – বললাম কোন অসুবিধা নেই সব ব্যবস্থা ওরা করে দিয়েছে – কোন টাকা পয়সা ও লাগেনি। ফোনের ওপার থেকে মেয়ে ও আমাকে সাহসী হতে বলল – যাতে ভয়ে ঘাবড়ে না যাই।

Airport এর ভেতরেই আমাকে বসিয়ে ছেলেটি চলে গেল – অন্য কেউ এসে নাকি গাড়ী করে আমাকে হোটেল এ পৌঁছে দেবে। বসে আছি আর ভাবছি - ঁঠাকুর আমার জন্য আর কি কি লিখে রেখেছেন ... এতক্ষণ যে ছেলেটি আমার সঙ্গী ছিল, বেশ মিষ্টি স্বভাবের ছিল – এখন আবার কেমন হবে - মিনিট দশেক চুপচাপ – তারপর সারথী এল। গাড়ীতে উঠে দেখি আরও দুজন অল্পবয়সী ছেলে – কথা শুনে বুঝলাম বাঙালী, আমার ই মত অবস্থা। মিনিট ১৫ শহরের মধ্যে দিয়ে হুহু করে গাড়ী ছুটে চলেছে – চারিদিকে যেটুকু নজরে আসছে, আলোয় আলোকিত, বড় বড় উচুঁতলা সব বাড়ী – এককথায় ঝকমকে শহর – গাড়ী থামল। বিশাল বড় হোটেল – reception এ ঢুকেই চোখ ধাঁধিয়ে গেল। উভয় পক্ষে কিছু প্রশ্ন-উত্তর এর পর ঘরের চাবি পেলাম। Roomboy ছেলেটি আমাকে অভিবাদন জানিয়ে হাতের ব্যাগটি নিয়ে ওকে অনুসরণ করতে বলল। আমাকে দেখে বা পোষাকে বুঝেছে আমি বাঙালি – আমার সাথে বাঙলায় কথা বলতে শুরু করল! কোন ভয় নেই, চিন্তার কোন কারন নেই, এরকম প্রায়ই হয়, সব ব্যবস্থা ভীষণ ভালো, ওদের থেকে আমি কি কি service পাবো – সব জানিয়ে দিল। আমাকে ঘরে ঢুকিয়ে সব বুঝিয়ে দিয়ে চলে গেল। বিদেশ বিভূঁইয়ে এই বাঙালী অভ্যর্থনা পেয়ে সত্যিই মোহিত হয়ে গেলাম – হোক না আমার প্রতিবেশী দেশের, টানটা তো একই।

ততক্ষণে Delhi তে আমার ছোট মেয়েরা ও খবর পেয়ে গেছে – আমি তো সবার সাথে "ONLINE" – নাতীরা ব্যাপারটা অন্যভাবে নিল। "Dida, How lucky you are!!! Why don't we travel with you? তাহলে খুব মজা হত। ENJOY Dida – Don't be nervous..." বোঝ !

কিন্তু আমার ৮০ ঊর্ধ মা আমাকে নিয়ে খুব চিন্তিত হয়ে পড়েছিলেন এই খবরে – অচেনা, অজানা শহরে তাঁর মেয়ে একা। আমি মনে মনে ভাবলাম, শুধু এই শহরেই নয় মা, মানুষ আসলে বড়ই একা।

Fresh হয়ে নিচে dinning hall এ গেলাম dinner এর জন্য – মেনু দেখে তো থ ! নানাধরনের খাবার – নিজের পছন্দমত যতটুকু খাব নিয়ে, ছবি তুলে নাতীদের পাঠালাম – তাতে তো ওরা আরও ক্ষেপে গেল – দিদা তোমার কি মজা!!! ঠিক তাই – খাওয়া শেষ, রুম এ ফিরছি – elevator এ ঢুকে আমার ফ্লোর ১৫ press করলাম। ভিতরে আরও একজন ভদ্রমহিলা ছিলেন যিনি ১৭ press করলেন – কিন্তু উপরে যাবার জন্য তো সেই বাহনের NOT নড়ন-চড়ন। না নড়ে, না দরজা খোলে। যতগুলো বোতাম ছিল সব press করছি – কিছুতেই কিছুনা। ঐ ভদ্রমহিলার ও আমার মত একই অবস্থা – গলদঘর্ম। আমার তো মনে হল, তাহলে কি সলিল সমাধির বদলে elevator সমাধি হবে? দম বন্ধ হবার অবস্থা – হঠাৎ ঠকাস্ করে শব্দ করে, বাহন নড়ে, খানিকটা উঠে, থেমে দরজা খুলে গেল। আর আমরা পড়ি কি মড়ি করে বাইরে বের হলাম – দেখি ২/৪ জন elevator use করার জন্য ঐ floor থেকে press করেছিল। তার সুবাদে আমরা ... তখনও হাপাচ্ছি – security দৌড়ে এসে আমাদের সমস্যার কথা শুনে বলল – আসলে আমাদের room-key টা elevator এর key pad এ touch করতে হত। দেখ – না জানার ফল।

রাতে ভালো ঘুম হল না – সকালে সময় মত breakfast আর lunch সেরে নির্দিষ্ট সময়ের অনেক আগেই নীচে reception এ wait করতে লাগলাম। যাতে না আর কোন রকম miss হয়। না আর কিছু হয়নি। জানিনা আধুনিক শহর দোহা, আমার ছোটবেলার আরব্য উপন্যাসের রূপকথার কোন ও শহর কি না – আমার পরিচিত কোন চরিত্রের দেখা তো পেলাম ই না – আধুনিক শহর দোহা কেও ভালভাবে জানতে না পারার আক্ষেপটা থেকেই গেল। কোলকাতা র flight নির্দিষ্ট সময়ে আমায় কোলকাতা পৌঁছে দিল। তিলোত্তমা আমায় পেয়ে যেমন নিশ্চিন্ত, আমি ও কল্লোলিনীর কল্লোলে এক অদ্ভত সুখানুভূতির স্পর্শ পেলাম।

সতী-পতি উপাখ্যান

কমলেন্দু গাঙ্গুলী

ছোট বেলায় স্কুলের পাঠ্য পুস্তকে একজন বিখ্যাত কবির (নাম মনে নেই) "অন্নদার আত্ম পরিচয়" কবিতা প ড়েছিলাম। মা দুর্গা নদী পারাপার করার জন্য খেয়ার মাঝি ঈশ্বরী পাটনীকে ডাকলেন। ঈশ্বরী পাটনী খেয়ার নৌকা পাড়ে এনে মা দুর্গাকে একা দেখে বললেন –

"একা দেখি কুলবধূ কে বট আপনি
পরিচয় না দিলে করিতে নারি পার|"

স্বামীর নাম বলা যায়না, তাই মা দুর্গা পতি মহাদেবের পরিচয় দিতে গিয়ে বললেন –

"অতি বড় বৃদ্ধ পতি সিদ্ধিতে নিপুন
কোন গুন নাই তার কপালে আগুন|"

মহাদেবের কপালে আগুন কি করে কোথা থেকে এল, এবং তার জন্য মহাদেব যে কি ভীষন বিপদের সম্মুখীন হ য়েছিলেন তা এক অতি আশ্চর্য্য ঘটনা। গোড়া থেকে সে কাহিনীই বলবো:

মা দুর্গাকে বহু নামে আমরা পূজা করি। মা দুর্গার জন্মগত নাম তিনটি। মা দুর্গা প্রথম জন্মে দুর্গা, দ্বিতীয় জন্মে সতী এবং তৃতীয় জন্মে পার্বতী। মা দুর্গাকে অন্যান্য নবহু নামে অভিহিত করা হয় কারণ মা দুর্গা অপরিমিত বলশালিনী, মানুষের সর্বপ্রকার মঙ্গলকারিনী ও সিদ্ধিদায়িনী এবং সর্ব দুঃখ হরণকারিনী।

প্রথম জন্মে দৈত্যগণ কর্তৃক নিপিড়িত ও বিতাড়িত দেবগনের তেজরাশি হতে উৎপন্না হয়ে দুর্গা নামে অভিহিতা হলেন। মা দুর্গা দৈত্যগনকে সমূলে বিনাশ করে স্বর্গরাজ্য অসুরদের হাত থেকে উদ্ধার করে দেবতাগনকে স্বর্গরাজ্যে পুনঃপ্রতিষ্ঠিত করলেন| বহু বছর পরে এই মা দুর্গার পূজা মানুষগনের মধ্যেও ধীরে ধীরে প্রচলিত হল। দৈত্যগনের বিনাশ কাজ সম্পন্ন হলে মা দুর্গা অতিশয় প্রতাপান্বিত প্রজাপতি দক্ষরাজের কন্যা হয়ে জন্ম গ্রহন করলেন। তখন মা দুর্গার নাম হল সতী। এই সতী নাম্নী মা দুর্গাকে জীবিতকালে অশেষ দুর্গতি ভোগ করতে হ য়েছিল। দেবতারা সুবিধা পেলেই শাপ-শাপান্ত করেন। তাদের শাপ হতে দেব-দেবীগনও রেহাই পান না। মুনি ঋষিরা তো সবসময়েই ক্রুদ্ধ হয়ে আছেন। একটু এদিক-সেদিক হলেই যাকে যাকে পারেন তাকেই শাপ দেন। এই সতীর পতি মহাদেব, যিনি শক্তিতে নারায়ণ, বিষ্ণু, ব্রহ্মার সমকক্ষ, তিনিও প্রজাপতি দক্ষরাজের ভয়ানক শাপ হতে অল্পের জন্য নিষ্কৃতি পেয়েছিলেন।

প্রজাপতি দক্ষরাজের স্ত্রী প্রসূতি এক সময়ে ষাটটি কন্যা প্রসব করেন। তার মধ্যে একটি কন্যা সতীকে দক্ষরাজ মহাদেবের হাতে সমর্পণ করেন। দক্ষরাজ ধর্ম্মকে আটটি কন্যা, রুদ্রদেবকে একাদশটি, কশ্যপমুনিকে ত্রয়োদশটি কন্যা দেওয়ার পর অবশিষ্ট সপ্তবিংশতি (২৭) কন্যা চন্দ্রের হাতে সমর্পন করলেন। এই সাতাশটি কন্যা, চন্দ্রের স্ত্রীসকল, প্রত্যেকেই নক্ষত্র হিসাবে পূজিতা হয়ে থাকেন। এদের নাম দিনপঞ্জিকাতে পাওয়া যায়। অনুষ্ঠানের সম য় অমাদের জন্মের নক্ষত্র এবং নক্ষত্রের অধিষ্ঠাত্রী দেবগনের পূজা করতে হয়। এমনকি অমাদের দৈনন্দিন জীবনে নক্ষত্রের শুভ ও অশুভ অবস্থান মেনে চলতে হয়। পূর্ব্বকালে রাজা-মহারাজারা জ্যাষ্ঠা, মূলা নক্ষত্র দেখে তবে যুদ্ধ

যাত্রা করতেন। এটা না হলে, যুদ্ধে পরাযয় অনিবার্য। বিয়ে ইত্যাদি দশবিধ সংস্কার এই নক্ষত্রের অবস্থান দেখে করতে হয়।

চন্দ্রদেব এই সাতাশজন স্ত্রীর মধ্যে একমাত্র রোহিনী ছাড়া আর কারো সঙ্গে সম্পর্ক স্থাপন করেননি। এই কারণে বাকি ছাব্বিশজন চন্দ্রের পত্নী তাদের পিতা প্রজাপতি দক্ষরাজকে এর একটা বিহিত করতে বললেন| তারা দক্ষরাজকে বললেন - স্ত্রী যদি পতির ভালোবাসাই না পায় তবে বেঁচে থেকে কি লাভ? প্রজাপতি দক্ষরাজ এই সংবাদে যার পর নাই ক্রুদ্ধ হয়ে জামাতা শশধরকে অভিসম্পাত করলেন| চন্দ্রও শ্বশুরের শাপ প্রভাবে তৎক্ষণাৎ যক্ষা রোগাক্রান্ত হলেন এবং দিন দিন ক্ষীণ কলেবর হতে লাগলেন। রোগের যন্ত্রণা উত্তরোত্তর বৃদ্ধি পেতে লাগল এবং চন্দ্রের কলেবর প্রায় অর্ধেক হয়ে গেল। যন্ত্রণা আর সহ্য করতে না পেরে চন্দ্র ভগবান শিবশঙ্করের শরনাপন্ন হলেন।

অনন্তর কৃপাময় শংকর চন্দ্রদেবকে অতিশয় ক্লিষ্ট দেখে অভয় দান করলেন। মহাদেব নিজের মাহাত্মে চন্দ্রদেবের যক্ষারোগ একদিকে সরিয়ে নিজ শেখরে চন্দ্রদেবকে স্থান দিলেন। চন্দ্রদেবও যক্ষারোগ শরীরের এক অংশে সরে যাওয়াতে সুস্থ বোধ করলেন। শশধর নির্ভয় চিত্তে শিব শেখরে অবস্থান করতে লাগলেন। চন্দ্রকে শিব মস্তকে স্থান দেওয়ার জন্য মহাদেবের আরেক নাম হল চন্দ্রশেখর। মা দুর্গা যেমন শরনাগতদের আশ্রয় দেন, শংকরও সর্ব সময়ে শরনাগতদের নিজ প্রভাবে রক্ষা করেন।

কিন্তু এই শরনাগত শশধরকে নিজ মস্তকে আশ্রয় দেওয়ার জন্য শঙ্করের বিপদ উপস্থিত হল। তিনি প্রজাপতি দক্ষরাজের কোপে পড়লেন। চন্দ্রদেবের নক্ষত্রস্ত্রীগন যখন জানতে পারলেন তাদের পতিদেব সুস্থ শরীরে মহাদেবের মরস্তকে অবস্থান করছেন, তখন তারা পুনরায় তাদের পিতা প্রজাপতি দক্ষরাজকে অনুরোধ করলেন যেন তিনি চন্দ্রদেবকে মহাদেবের মস্তক হতে এনে তাদের কাছে ফিরিয়ে দেন।

পূর্বেই বলা হয়েছে যে শিবও প্রজাপতি দক্ষরাজের জামাতা, কিন্তু শাপ দেওয়ার ব্যাপারে মুনি-ঋষিগণ এইসব তুচ্ছ পারিবারিক সম্পর্কে কোন আমল দেন না। প্রজাপতি দক্ষরাজ ক্রোধান্বিত স্বরে মহাদেবকে উদ্দেশ্য করে আদেশ দিলেন "হে শম্ভো! আমার জামাতা শশধরকে এক্ষুনি তোমার মস্তক হইতে নামাইয়া আমার কন্যাদের হস্তে ফিরাইয়া দাও, নচেৎ আমি তোমাকে ভয়ঙ্কর অভিসম্পাত করিব। কার সাধ্য তোমাকে রক্ষা করে।" মহাদেব প্রজাপতি দক্ষরাজের উতদ্দেশ্যে বললেন "হে শ্বশুর মহাশয় দক্ষরাজ! যদিও আপনি আমাকে ভস্মসাৎ বা অভিসম্পাত করেন, তথাপি আমি জীবিত থাকিতে শরনাগত এবং আশ্রিত চন্দ্রকে পরিত্যাগ করিতে পারিব না।" দক্ষরাজ মহাদেবের এই কথাতে যার পর নাই ক্রোধান্বিত হয়ে শাপ প্রদানে উদ্যত হলেন। মহাদেবও উপায়ান্তর না দেখে বিপদের একমাত্র অবলম্বন শ্রীহরিকে স্মরণ করলেন। শ্রীহরি তৎক্ষণাৎ বৃদ্ধ ব্রাহ্মণ বেশে উভয়ের সম্মুখে উপস্থিত হলেন। দক্ষরাজ এবং মহাদেব বিপ্ররূপ ধারী ভগবান শ্রীকৃষ্ণকে প্রণাম করলেন এবং শ্রীকৃষ্ণ উভয়কে আশীর্বাদ করলেন। শ্রীহরি তখন শাপভীত শঙ্করকে নিজ মস্তক হতে চন্দ্রকে এনে দক্ষরাজকে ফিরিয়ে দিতে বললেন, কারণ দক্ষরাজ শাপ দিলে শ্রীহরিও মহাদেবকে রক্ষা করতে পারবেননা। রীকৃষ্ণ শঙ্করকে বললেন - "আত্মানং সততং রক্ষেত।" অর্থাৎ আত্মাকে সর্বদাই রক্ষা করবে কারণ আত্মা থেকে প্রিয় আর কেহ নেই।

দক্ষরাজকে তার প্রার্থিত শশধরকে সমর্পন কর। কারণ এই ব্রহ্ম তেজে বলীয়ান দক্ষরাজ অতিশয় কোপন স্বভাব, দুর্ধর্ষ এবং অতিশয় তেজস্বী। অতএব দক্ষরাজের বিরুদ্ধাচরণ করা কোনো মতেই কর্তব্য নয়।
শঙ্কর তখন বললেন - "হে দেবাদিদেব শ্রীকৃষ্ণ! আমি দক্ষরাজের শাপে ভীত নই। আপনি আমাকে এইরূপ অন্যায় আদেশ দিবেননা। আপনি জানেন, যে ব্যক্তি ভয় প্রযুক্ত আশ্রিত শরনাগতকে নিজের আত্মাকে রক্ষা করার জন্য পরিত্যাগ করে, ধর্মও তাকে অভিসম্পাত করে পরিত্যাগ করে। তাই বলছি আমি সব কিছু ত্যাগ করতে প্রস্তুত কিন্তু ধর্ম পরিত্যাগ করতে পারব না।

শঙ্করের এইরূপ ধর্মজ্ঞান দেখে শ্রীকৃষ্ণ অতিশয় প্রীত হলেন। যেহেতু শ্রীকৃষ্ণকে দুদিক রক্ষা করতে হবে তাই তিনি শঙ্করের মস্তকে ব্যাধিশুন্য অর্ধচন্দ্র রেখে বাকী ব্যাধিযুক্ত অর্ধচন্দ্র আকর্ষণ পূর্বক মস্তক হতে নিয়ে দক্ষরাজকে প্রদান করলেন। দক্ষরাজ দেখলেন, শ্রীহরির কৃপায় যে অর্ধচন্দ্র পেলেন তা নিজের শাপেই ব্যাধিযুক্ত। তখন দক্ষরাজ শ্রীহরির স্তব করর্তে লাগলেন যাতে তার হস্তস্থিত অর্ধচন্দ্র ব্যাধিমুক্ত হয়। দয়াময় শ্রীকৃষ্ণ দক্ষরাজের স্তবে সন্তুষ্ট হয়ে দক্ষরাজকে বর দিয়ে বললেন - "এই চন্দ্র এক পক্ষকাল সুস্থ হয়ে পূর্ণ হইবে এবং এক পক্ষকাল ক্ষীণ হইতে ক্ষীণতর হইবে।" তাই আমরা দেখতে পাই শুক্লপক্ষে চন্দ্র দিনে দিনে বর্ধিত হয়ে পূর্ণিমাতে পূর্ণকলেবর ধারণ করেন, এবং কৃষ্ণপক্ষে ক্ষীণ হতে ক্ষীণতর হয়ে অমাবস্যাতে পুরোপুরি বিলুপ্ত হয়ে থাকেন।
কিন্তু দক্ষরাজ অত সহজে সবকিছু ভোলেননা। শঙ্করকে শাপ দিতে না পেরে মনে যে ব্যথা পেয়েছিলেন তার প্রতিশোধ নেওয়ার জন্য প্রস্তুত হতে লাগলেন। দক্ষরাজ এক মহাযজ্ঞের আয়োজন করলেন যার নাম দক্ষযজ্ঞ। এই যজ্ঞে দক্ষরাজ সবাইকে আহ্বান করলেন। মহাদেবের স্ত্রী সতীদেবীও আহুত হয়ে পিত্রালয়ে দক্ষরাজের কাছে আসলেন। দক্ষযজ্ঞে বহু দেব-দেবী, মুনি ঋষি গনও আমন্ত্রিত হলেন।

এই কোপন স্বভাব দক্ষরাজ যজ্ঞ আরম্ভ হবার পূর্বেই সর্বসমক্ষে মহাদেবের নিন্দা করতে লাগলেন। পতিনিন্দা যখন চরমে উঠল তখন দক্ষরাজের কন্যা সতী নাম্নী দুর্গা অতিশয় ক্রুদ্ধ হয়ে দক্ষযজ্ঞ পণ্ড করে যোগবলে শরীর ত্যাগ করে শৈলরাজ হিমালয়ের প্রিয় পত্নী মেনকার গর্ভে জন্ম গ্রহণ করলেন। মা দুর্গাকে তাই "দক্ষযজ্ঞ বিনাশিনী" বলা হয়। পর্বত রাজার কন্যা হয়ে জন্ম নেওয়ার জন্য মা দুর্গার নাম হল পার্বতী। যদিও সতীর পরে পার্বতী হয়ে জন্ম লাভ করতে মা দুর্গার কয়েক হাজার বছর কেটে গিয়েছিল। তবুও পর্বতরাজ আনন্দ সহকারে নিজ কন্যা পার্বতীকে অতি বড় বৃদ্ধ পতি মহাদেবের হাতে সমর্পন করলেন। গল্পের যদিও এখানে শেষ, তবু পুরাণে কথিত অছে যে, শিব রাত্রিতে যদি অবিবাহিত কন্যারা স্বপ্নে মহাদেবের শেখরে উজ্জ্বল চন্দ্রকে দেখতে পায় তবে তাহারা সর্ব ব্যাধি মুক্ত হয়, প্রভূত অর্থশালী হয় এবং আকাঙ্খিত বর লাভ করে।

- সেরিটোজ্, ক্যালিফোর্ণিয়া (লেখাটি পূর্ব প্রকাশিত)

Palette-able

M E M B E R C O N T R I B U T I O N S

Welcoming Ma Durga with drum beats

Avish Banerjee, 7

Maa Arrives on Elephant

Soham Sarkar, 14



Maa Durga

Spandan Ghosh, 8



Ma Durga, the Powerful

Vikramjit Basu, 8

Colors of Nature

Shekhor Bhattacharya, 10

দুর্গা দুর্গতিনাশিনী

Soujonnyo Saha, 7

ঢাকে পড়ল কাঠি, পুজো জমজমাটি

Souhardyo Saha, 10

,

শক্তি ও সিদ্ধি

Shirom Mukherjee, 11



Rhyme Time

MEMBER CONTRIBUTIONS



fiLe

Prokkawn Majumdar, 17

A fiLe,
Something that organizes
Something that sandpapers rough edges
Something we save our memories in
But in the present...what are we filing?
People who are mentally different from others?
People who are socially different from others?
People who are colored different from others?
We are trying to saw the edges off of our society.
Trying to become that perfect circle which is unattainable.
To me...our *fiLe* has become a mixed up jumble of things that is now our *Life*.

Arrival of Maa Durga

Sudipto Banerjee

Autumn has come, it's puja time here

Cogongrass symbolizes Durga Maa is near.

The fragrance of Nyctanthes is so healing

Nature evokes memories of childhood feeling.

Ascetic clouds wander in the sky

Golden sunrays keep shining so high.

Mother Nature beautifies Bengal – so dear

Sounds of mirth helps worries disappear.

Arrival of September glorifies the nature

Photographers aspire this beautifying couture.

ঈশোপনিষদ (ভাবানুবাদ)

দীপক বাগচী

জগতে রয়েছে যত অনিত্য প্রাণী ও অপ্রাণী, সকল প্রকার,
আচ্ছাদিত সে সব তাঁর দ্বারা, যিনি পরমাত্মা, ঈশ্বর বা প্রভু আবার।
জগৎবুদ্ধি ত্যাগ ক'রে দিয়ে ঈশ্বর-ভাবনা কর রে সার।
নিজের বা পরের ধনাকাঙ্খ্যা ক'রো না, কারণ সে ধন কার? ॥১॥
শাস্ত্র-বিহিত এইরূপে কাজ করি' অবিরত ধরায় নর,
অভিলাষ করে বাঁচি' রহিবারে শতেক বরষ অতঃপর।
কেননা এমন কাজ বাঁধে নাকো কারেও কখনো কর্ম-বাঁধনে,
আর এটি ছাড়া তোমারও না আছে বিকল্প কোন কর্ম সাধনে। ॥২॥
অসুরগণের যোগ্য যে স্থান, সেই লোক শুধু রয় আচ্ছন্ন
অজ্ঞানতার অন্ধকারেতে, যেটি দৃষ্টি-প্রতিরোধকমন্য।
আত্মাহন্তা সেই সব জীব যায় যেন তারা এই লোকটায়,
এ জগৎ হ'তে জীবনের শেষে যখন দেহটি ছাড়িয়া যায়। ॥৩॥
পরমাত্মা এক ও অচল, মনের চেয়েও দ্রুতগামী তিনি,
সকলের আগে যান চ'লে তিনি, ইন্দ্রিয়রাও পারে না লইতে জিনি'।
স্থির হয়ে থেকে আগে যান তিনি, যারাই যখন চলিবে ছুটি',
তিনি যে আছেন তাই ঝড়-বারি নিয়ন্ত্রনে বায়ুর হয়না ত্রুটি। ॥৪॥
পরমাত্মা চলেন, আবার চলেন না তিনি বলাও চলে;
দূরে রন তিনি, পুনরায় তিনি খুবই নিকটে ইহাও বলে।
তিনি রয়েছেন ওতপ্রোতভাবে সকল কিছুর মধ্যে যেমন,
আবার তিনিই সদা রয়েছেন এই সকলের বাহিরে তেমন। ॥৫॥

মুক্তিপ্রার্থী যে জন দেখিছে সকল জীবেরে পরমাত্মায়,
এবং দেখিছে পরমাত্মাকে সকল জীবেতে নির্দ্বিধায়
প্রচ্ছন্নরূপে ব্যাপৃত র'তে, সে তো পারেনাকো কখনো আর
ঘৃণা করিবারে আর কাহরেও আপনার মনে করি' বিচার। ॥৬॥
পরম-তত্ত্ব জেনেছেন যিনি, যিনি সর্বদা করেন দর্শন
এই জগতেতে যত কিছু আছে, সেই সকলই পরমাত্মন।
এইরূপ যিনি সমদৃষ্টিতে দেখেন সকলই তিনি স্থির রন।
কী বা ওই মোহ, দুঃখই কী বা, কিছুতেই তিনি বিচলিত নন। ॥৭॥
সর্বব্যাপ্ত, তিনি জ্যোতির্ময়, তিনি অশরীর, তিনি যে অক্ষত,
তিনি শিরাহীন, নির্মল তিনি, অপাপবিদ্ধ, সর্বদর্শীও তো,
মন-নিয়ন্তা, সর্বজ্ঞ তিনি, সর্বোত্তম, স্বয়ম্ভু জেনো,
নিত্যকালের প্রজাপতিদের তিনি যথানুরূপ বিধান দেন। ॥৮॥
শাস্ত্রীয় ধর্ম, আচারানুষ্ঠান, এই শুধু যারা করিবে মুখ্য,
দৃষ্টিনিরোধী তমসায় পড়ি' তারা পেয়ে থাকে সদাই দুঃখ।
তার চেয়েও বেশি অন্ধকারেতে পায় তো কষ্ট শুধুই তারা,
যারা বিদ্যার তরে জ্ঞানপথটিকে বাছি' দিয়া থাকে কেবল সারা। ॥৯॥
অবিদ্যারূপী আচারানুষ্ঠান করিলে মিলিবে পিতৃলোকটি খালি,
আর দেবলোক জুটিবে মাত্র জ্ঞানপথ-নিয়ম কেবল পালি'।
সে সব ধীমান, যাঁরা করেছেন ব্যাখ্যা বুঝাতে এসব বিষয়,
তাঁদের কাছেই শুনেছি এ দু'য়ের ভিন্ন ভিন্ন ফলগুলি হয়। ॥১০॥
অবিদ্যা ও বিদ্যা একই সঙ্গে অনুসরণ করা হ'ল কর্তব্য,
যে জন মানেন এই তত্ত্বটি তাঁর পরমার্থ হয় তো লভ্য?
শাস্ত্রীয় কর্ম পালন করিয়া মৃত্যুকে তিনি করিয়া জয়,
অমরত্বের অধিকারী হন জ্ঞানের সাহায্যে, ইহা নিশ্চয়। ॥১১॥
যাহারা করিছে অপ্রকাশিতা প্রকৃতিরই শুধু উপাসনা
দৃষ্টিনিরোধী তমসায় পড়ি' তারা পথ আর খুঁজি' পায় না।
তার চেয়েও বেশি অন্ধকারেতে প'ড়ে তারা হয় শুধু বিফল,
যারা তো ব্যক্ত হিরণ্যগর্ভ প্রতি অনুরক্ত হয় কেবল। ॥১২॥
হিরণ্যগর্ভের উপাসনা শুধু করিলে মিলবে একরূপ ফল,
প্রকৃতির পূজা কেবল করিলে অন্য ফল পেতে হয় সফল।
সে সব ধীমান, যাঁরা করিলেন ব্যাখ্যা বুঝাতে এসব বিষয়,
তাঁদের কাছেই শুনেছি এদুয়েতে ভিন্ন ভিন্ন ফলই হয়। ॥১৩॥
অপ্রকাশিতা প্রকৃতি এবং হিরণ্যগর্ভ, যিনি প্রকাশিত,
এ উভয়কেই যুগপৎ যিনি উপাসনাদি করেন তিনি তো
হিরণ্যগর্ভের সহায়তা লভি' অগ্রে মৃত্যু করিয়া জয়,
অমরত্বের অধিকারী হন প্রকৃতি-সহায়ে, ইহা নিশ্চয়। ॥১৪॥
জ্যোতির্ময় এক পাত্রের দ্বারা সত্যের মুখ রহিছে আবৃত,
হে জগৎপরিপোষক সূর্য, হে সূর্যদেব তা' কর অপনীত।
আমি করিয়াছি তব উপাসনা হে সত্যস্বরূপ, কাজেই এখন
খুলি' দাও যেন দেখিবারে পাই তোমার মুরতি ভরি প্রাণমন। ॥১৫॥
হে পরিপোষক, আকাশেতে তুমি এককযাত্রী, হে নিয়ামক,

হে সূর্য, তুমি প্রজাপতিসুত, আকরিয়া রশ্মি সংবর
আলোক।
তোমার কৃপায় দেখিব আমি যা তব সুন্দরতম রূপ,
তাহায়।
আমি হই সেই, সে পুরুষ আমি, যিনি করিছেন বাস
সেথায়। ॥১৬॥
এখন আমার প্রাণবায়ু যেন ফিরি' যায় হ'তে তাঁহাতে
লয়,
সকল কিছুতে ব্যাপ্ত হন যিনি, যাঁহাকে অমর প্রাণ বলা
হয়।
এই মরদেহ যেন অগ্নিতে ভস্ম হইতে হয় সফল।
ওঁ, মম মন, কর রে স্মরণ, স্মর মোর কৃত কর্ম
সকল। ॥১৭॥
আমাদের সব কীর্তি-কর্ম জানি' হে অগ্নিদেবতা এবে,
চল আমাদের নিয়ে সে সুপথে সেথায় যেথা কর্মফলেতে
দেবে
মহার্ঘ বস্তু, আর দূর কর যত কুটিল পাপ মোদের
থেকে।
উচ্চারিতেছি বহু নম, নম, তোমার জন্য প্রণতি রেখে।
॥১৮॥
শান্তি মন্ত্র:
ওঁ
তাহাও পূর্ণ, ইহাও পূর্ণ, এই পূর্ণতা আসিল সেই পূর্ণতা
হইতে,
মিলিলে এই পূর্ণতা ঐ পূর্ণতায়, পূর্ণতাই রয় শুধু
শেষটিতে।

ওঁ

কর্ণকুন্তী সংবাদ – ২

সুচরিত সরকার

কুন্তী: সুন্দর এ সন্ধ্যে, গঙ্গার তীরে
দাঁড়িয়ে বললি তুই, আসবি না ফিরে,
ব্যাপারটা ভেবে দেখ, উল্টোটা হলে
শত্রুরা হারতোই, পুরো বলে বলে -
কর্ণ: না গো মা, তা ঠিক নয়, আফটার অল,
আই এম প্লেয়িং ফর কৌরব দল,
যাই বলো, তারা ঠিক শত্রু তো নয়,
তাছাড়া খেলার মাঝে টিম চেঞ্জ হয়?
কেরিয়ারটা আমার যাচ্ছিল জলে,
দুর্যোধনই তখন নিল তার দলে।
তাই তাকে ছেড়ে যেতে চাইছে না মন,
এটা নিয়ে বাকি কথা পরে হবে 'খন -
কুন্তী: শোন বাবা কর্ণ, এ মার দুটি কথা
ভায়ে ভায়ে মারপিট পাশবিক প্রথা।
তার চেয়ে চলে আয়, একসাথে মিলে
য়্যুনাইটেড হোক সব ছেলেপিলে।
তুই তো বললি আগে, তোর মনে হয়
এ যুদ্ধে আমাদের নাকি হবে জয় -
তবে ওই হেরো টিমে থেকে কি বা লাভ?
তার চেয়ে অনেক ভালো আমাদের ক্লাব।
আর হলে সত্যিই আমাদের জয়,
তোকে ঠিক রাজা করে দেবো নিশ্চয় -
কর্ণ: কমপ্লিকেশন আছে, ও যুধিষ্ঠির,
এসব ব্যাপারে ওর মাথা খুব স্থির।
তাছাড়া ও পলিটিক্স বোঝে ভালো খুব,
ধর্মের নাম নিয়ে ওতে থাকে ডুব।
রাজা হবে - স্বপ্ন এ দেখে প্রতি রাতে,
আমি রাজা হবো শুনে রাজী হবে তাতে?
আর অর্জুন আছে, বলেছে ও নাকি
আমার সঙ্গে ওর বোঝাপড়া বাকি।
এ জাতীয় মনোভাব যার মনে আছে,
সে আমাকে রাজা হতে, মেনে নেবে না যে
কুন্তী: থাম থাম - এটা নিয়ে ভাবিস না আর,
ওদেরকে বোঝানোর আমি নেবো ভার।
থাক বাবা বাঁচা গেলো, ছিল এক ভয় -
কর্ণ: না গো না মা, এ আমার শেষ কথা নয়।
শুরুতে বলেছি আমি, শুনেছো স্পষ্ট

দল আমি ছাড়বো না, হোকই বা কষ্ট।
অর্জুন বিরুদ্ধে চেপে গেছে জেদ,
কৌরব হারলেও নেই কোনো খেদ।
কুন্তী: সে কি বাবা, না না তুই অর্জুন সাথে
মারপিট করবি না, বল আজ রাতে।
আমার একটা ভয়, তোর সাথে লড়ে
অর্জুন মানিকটা যদি যায় মরে।
সত্যি বলতে কি, সেই কারণেই
তোকে দলে নিতে আজ, এসেছি যে এই।
কর্ণ: তাই বলো, এতদিন বাদে কেন আজ এ
আমায় এসেছো নিতে পাণ্ডব মাঝে।
ব্যাপারটা বুঝে দেখো, ম্যাচ ফিক্সিং
এসবের মাঝে আমি নেই কোনোদিন।
যদিও বা জেনেটিক মিল আছে কিছু,
তা বলে ওয়াকওভার দিয়ে হবো নিচু?
কুন্তী: না না, কেন ছেড়ে দিবি, শুধু দেখ যাতে
খোকাটা না যায় মারা, তোর নিজ হাতে -
কর্ণ: শোনো মা, আমার কিছু নীতিবোধ জাগে,
তুমি কিছু বললে তা প্রথমেই থাকে।
অর্জুন বীর খুব, আমি শুধু একা
হারাতে তো পারি ওকে, যদি হয় দেখা।
কিন্তু তোমার কাছে অর্জুন দামী -
ভয় নেই, দূরে দূরে থাকবো তো আমি,
কিন্তু যুদ্ধে তবু, দেখা হলে ভুলে,
কোল্টের সেফটি ক্যাচটা না খুলে
দাঁড়িয়ে থাকবো আমি - বাকি সব মিছে,
কুন্তী: ধন্য কর্ণ তুই, থাক বাবা বেঁচে -
কর্ণ: থামো মা, এখন রাত ঘুটঘুটে বেশ,
ফিরে যাও, আমাদের কথা হলো শেষ।
নদীর ওপারে ক্যাম্প - যাও তুমি ফিরে,
এ যুদ্ধে যাই হোক, মনে রেখো বীরে।
যুদ্ধে হারবো আমি, বুঝি আমি এও,
রাস্তাটা ভালো নয়, সাবধানে যেও।

বিশ্বাস

প্রিয়দর্শী মজুমদার

ছায়া আমার এড়িয়ে চলো
নইলে সর্বনাশ;
ধর্ম বিধান, সত্যি?
নাঃ, ধর্মান্ধতার দাশ।

ওইদিকেতে আবার দেখো
পরিয়ে দিল ছ-কোণ তারা,
বাচ্চা বুড়ো নির্বিশেষে
কয়েক লক্ষ জীবন হারা!

মনের মিলের যুগল মাঝে
ফারাক যদি দেখি,
সম্মানের দায় অন্য কারুর,
তাই প্রাণটা নিয়েই রাখি।

কোন রাজা ভাই কাগজ নিয়ে
অশ্বমেধে গেল?
সাহেব সুবো মড়ক দিয়ে
দিশি লোক যে খেল?

তৈরি করা বিপদ কাহন
হাসির মোটেই নয়
'বরফ' যখন অযৌক্তিক
তখনই তো ভয়

তবুও বলি গেল গেল
রবের কিছু নেই
'ABCD' শক্তি ধরে
বদল আনবেই।।

The Wishing Well

M E M B E R C O N T R I B U T I O N S

CAB
50 ANNIVERSARY
Organized by Cultural Association of Bengal
40th Banga Sammelan
NORTH AMERICAN BENGALI CONFERENCE 2020, LAS VEGAS
হাতে হাত ধরে চলি
JULY 3RD - JULY 5TH, 2020
PADMASHRI HARIHARAN
JEET GANGULY
PANDIT TANMOY BOSE
SURAJIT
USTAD RASHID KHAN
PANDIT RONU MAZUMDAR
PANDIT TARUN BHATTACHARYA
MANOMOY BHATTACHARYA
ANEEK DHAR
DURNIBAR SAHA
SAHEB CHATTERJEE
SHAMA RAHMAN
DEEPABALI DATTA
SHREYA GUHATHAKURTA
UJJAINI
SURANJAN ROY
RUPA DEB
SOUMEN NANDI
KUSHAL PAUL
SROVONTI BANERJEE
CHANDRIKA BHATTACHARYA
SOUMEN ADHIKARI
SAGNIK SEN
ANTARA DAS
Visit our website: www.nabc2020.org

Kisholoy and Latika Goswami - An Entrepreneuring Couple

Kisholoy Goswami
President and CEO

InnoSense LLC
www.innosensellc.com

Latika Goswami
Chief Operating Officer

We wish our Dakshini friends Shubho Bijoya 2019!

AHARE BAHARE

Auhtentic Bengali Cuisine

We are a women-operated business that specializes in bringing the authentic flavors of Kolkata (Misti, Snacks, and More) to your doorstep.

9030 Owensmouth Ave,
Canoga Park, CA 91304

818-660-3958

https://wa.me/18186603958

FASHION WEAVES

WE SHIP GLOBALLY

A Collection of Ethnic Wear

CONTACT US: 818-660-3958

STAR Bio Solutions
World Leaders In Peptide Consulting
Shubho Bijoya
And
Best Wishes
Satish and Shima Joshi
1925 Via Estudillo; Palos Verdes Estates; CA 90274
Tel: 310-872-0147; 310-433-0234

CHATTERJEE
PRODUCTIONS
FOUNDER DIRECTOR
RUPAK CHATTERJEE
CONTACT. +1 424 400 4008
TRANSFORMING REEL TO REAL
PROJECTS DONE SO FAR
1. The Sea Shore
Available on
https://vimeo.com/ondemand/cpfilmstheseashore
2. Another Fairy Tale (Location Hollywood)
To be soon Released in India
Now Available on (Outside of India)
https//vimeo.com/ondemand/cpfilmsrupkatha
3. Reflection (Location Hollywood)
A story about two sisters.... To Be Released early 2020
COMING SOON
1. More Short Films
2. More Web Series
3. Thriller
4. Comedy

SUBHO BIJOYA

FRIZE CORPORATION

INDUSTRIAL, COMMERCIAL CONSTRUCTION

166605 E. GALE AVENUE
INDUSTRY, CA 91745
PH: 1-800-834-2127
FAX: 626-336-5329

Golden Jewelers, Corp.

SPECIALISTS IN 22K & 24K GOLD JEWELRY

Happy Vijaya Greeting!

18608 South Pioneer Blvd.
Artesia, CA 90701
Ph: 562.860.8553
Ph: 562.860.8556
Fx: 562.860.8399

Happy Dussehra
Highglow
22 K GOLD AND DIAMOND JEWELRY
www.highglow.com
LOS ANGELES
1-877-556-6113
18644-A Pioneer Boulevard
Artesia, CA 90701
ATLANTA
404-296-2714
1709 Church Street
Decatur, GA 30033
DETROIT
734-422-6810
28231 Ford Road
Garden City, MI 48135

Students Improve through Tutoring

SCIENCE & MATHEMATICS TUTORING.....

....FOR HIGH SCHOOL & MIDDLE SCHOOL STUDENTS

- ONE-ON-ONE TUTORING
- TUTORING OF SMALL GROUPS OF 3-4 STUDENTS
- ONLINE TUTORING

CONTACT: BASANTI DEY

BASANTIPURKAYASTHA@GMAIL.COM

424-558-4800

MATHEMATICS
Algebra I
Geometry
Algebra II
Pre-Calculus
Trigonometry
Calculus

SCIENCE
AP Physics
Physics

FRONTIER
HERITAGE
EXCLUSIVE BRIDALS
DESIGNER SUITS & SAREES
MEN'S WEAR
CHILDREN FORMAL WEAR
COSTUME JEWELRY
ACCESSORIES
WE SPECIALIZE IN
CUSTOM ORDERS
LOS ANGELES
18581 PIONEER BLVD,
ARTESIA, CA 90701
(562) 653-9396
(562) 653-9420
TORONTO
1-107, KENNEDY ROAD S.
BRAMPTON, ONTARIO
L6W 3G3 CANADA
(905) 796-0600
www.frontierheritage.com • info@frontierheritage.com

Santa Ana
MAGIC SMILE

For all your
Dental Needs!
Convenient hours,
open on Saturdays!
Accepting PPO and
Dentical
insurances.

Dr. Bhaswati Moulik

SANTA ANA MAGIC SMILE
2112 N. MAIN STREET, SUITE 100
SANTA ANA, CA 92706
(714) 835-6677
LOCATED NEXT TO BOWERS MUSEUM
AND SCHOOLFIRST CREDIT UNION

RpS

Ramana Pension Solutions

Ravi R. Chandhiramouli CFP® MBA
President

9723 Desert Bloom Pl
Gilroy CA 95020

Tel : 805.358.2269
Fax: 805.758.6891
Email: ravi@ramanapension.com

Customized Tax, Investment, Insurance, Pension & Retirement Planning

Consulting Dakshini community members since 2007



SHARODIYA SHUBHECHHA

CARBON ACTIVATED CORPORATION

2250 SOUTH CENTRAL AVENUE

COMPTON, CA 90220

Puja Greetings

Romit Kar, MD. & family
Board Certified in Pediatrics

KAR's Pediatrics
355 Placentia Ave. Ste 301
Newport Beach, CA 92663
Tel: 949-662-0152
Fax: 949-662-0159

Bijoya Greetings
And Best Wishes

Dr. Ramesh Kar & family
Dr. Naresh Kar & family
Dr. Nikhil Kar & family
Adam Bovie & family
Jaydeep Kar

S. California's Premier Test Lab
Forensic/Failure Analysis
Product Liability Investigations
Licensed Professional Engineers
Expert Witness Services / Jury Verdicts

Scanning Electron Microscopy
Infrared Analysis
Materials Testing
Mechanical Testing
2D/3D X-ray CT Scanning

KARS'
Advanced Materials, Inc.
Testing & Research Labs

2528 W. Woodland Dr., Anaheim CA 92801
(714) 527-7100
www.karslab.com / info@karslab.com

ProTab LABORATORIES

WE OFFER A WIDE VARIETY OF DIETARY SUPPLEMENTS
PRODUCTS AND SERVICES TO MEET YOUR NEEDS

ProTab Laboratories has the resources to offer complete all-in-one manufacturing services beginning with technical support to assist in developing the original formulation to blending & granulating, tableting & encapsulating, package to a finished product, and analytical verification to meet all final product specifications.

Please Visit Us: http://www.protablabs.com/

Corporate Headquarters
25902 Towne Center Drive
Foothill Ranch, CA 92610
Telephone: 949-635-1930
Fax: 949-635-1939
Email: info@protablabs.com

Bloom

Puja Greetings
from Bloom

Please visit us at
www.facebook.com/BloomSoCal

Be exclusive.
Be divine.
Be yourself.

suchismita / indrani
818-484-0130
949-878-7127

Looking to Buy, Sell or do 1031 Exchange on your Rental Property or any Real Estate Property. Please contact Knowledgeable, Reliable and Experienced Realtor in Southern California, I am License Realtor since 2000. Please log on to Zillow/Trulia for my reviews.

Nikunj (Nick) Shah.

562-754-8361 cell Or

Email: NickShahTNGRealestate@gmail.com

Note: For this Festive Holiday we have special Listing Deal call, email or text me for more details.

Nikunj (Nick) Shah
Realtor/Mortgage Consultant
NS Properties Rental Consultant



Please support LOKENATH DIVINE LIFE MISSION (LDLM)
www.babalokenath.org



To donate please visit: www.feelinghearts.org
Founded by Shri Shuddhaanandaa Brahmachari in 1985.

The mission provides education, cultural activities and free meals to the poor and needy. It spreads rural and urban community health awareness. Along with that the mission takes care of rural economic sustainability and environmental preservation.



Order Books on amazon.com. Search for "The Incredible Life of a Himalayan Yogi"

How can you help? Please visit www.feelinghearts.org and use PayPal/VISA to donate. All donations in US are tax deductible. An acknowledgement letter stating the total contribution will be sent to you. Any questions please contact **Sue Berg** (susan@feelinghearts.org) or **Ananya Sen** ananyasen_usa@yahoo.com . Or visit www.babalokenath.org
Head Office: Lokenath Divine Life Mission, 277 Santipally, Kasba, Kolkata 700107, India
Follow us on Facebook, Twitter and Instagram.

VALLEY KIDNEY CARE MEDICAL GROUP

KALPESH PATEL M.D.,FACP,FASN
DESIREE JOY QUE APRN,NP-C
RANBIR SADEORA, APRN,NP-C
17075 Devonshire Street, Suite# 303
Northridge, CA-9132
Nephrology & Hypertension
phone # 818-488-1840
www.valleykidneycare.com

Excellent Personalized Kidney Care



Poshaak

18609 S Pioneer Blvd., Suite A,
Artesia, CA 90701
Tel. 562.402.7775
www.eposhaak.com

We believe in quality and it will be the very first component in any product we select and sell!

Best Compliments

From

RAMCON INDUSTRIES

1219 W 225 STREET

TORRANCE, CA 90502

(310) 212 6378

www.ramconind.com

Leader in Mechanical, Civil Construction and Plant Maintenance

the yellow chilli
REDEFINING INDIAN FOOD
RESTAURANT & BANQUET
Signature Dishes That You'll Love
Customised Catering
for all Budgets
Creating The
Best Events
Call: Kamal Kaur
562-833-4396
7850 Beach Blvd, Buena Park, CA 90620 . (714) 523-8880
info@theyellowchillibp.com www.theyellowchillibp.com

SUBIR & MALINI CHOWDHURY *foundation*

Committed to Advancing Education and Improving the Quality of Life for Everyone

THE CHOWDHURY PRIZE : AN ANNUAL AWARD FOR AN AMERICAN LAUREATE BELOW THE AGE 40 FOR ENORMOUS CONTRIBUTION IN LITERATURE, TO BE ADMINISTERED BY RENOWNED POETS AND LAUREATES OF USC AND KENYON COLLEGE.

INDIAN INSTITUTE OF TECHNOLOGY AT KHARAGPUR

SUBIR CHOWDHURY SCHOOL OF QUALITY AND RELIABILITY

UNIVERSITY OF CALIFORNIA AT BERKELEY

SUBIR & MALINI CHOWDHURY CENTER FOR BANGLADESH STUDIES

HARVARD UNIVERSITY

SUBIR CHOWDHURY FELLOWSHIP ON QUALITY AND ECONOMICS

LONDON SCHOOL OF ECONOMICS

SUBIR CHOWDHURY POST-DOCTORAL FELLOWSHIP ON QUALITY AND ECONOMICS

UNIVERSITY OF SOUTHERN CALIFORNIA

SUBIR & MALINI CHOWDHURY FOUNDATION DISTINGUISHED SPEAKER SERIES

SUBIRCHOWDHURY.COM PHONE: 2485301395 EMAIL: JODI.CALDWELL@ASIUSA.COM

KPC HEADQUARTERS

CORONA EXPANSION

9 KPC PARKWAY

KOLKATA EXPANSION

KPC SAN DIEGO IN CONSTRUCTION

KPC CISTERRA



KPC MOUNT PALOMAR WINERY



WINERY

KPC UNIVERSITY

kpc HEALTH
GLOBAL MEDICAL CENTERS

21 HOSPITAL SYSTEM

KPC COACHELLA

5,000 ACRE DEVELOPMENT